# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 18 April, 2025

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মেঘনা সেতুর টোলপ্লাজা এলাকায় তল্লাশি চালিয়ে সাত হাজার পিস ইয়াবাসহ মামুন মিয়া (৩০) নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

(১৭ এপ্রিল) বৃহস্পতিবার রাতে চেকপোস্টে ঢাকাগামী লেনে মোটরসাইকেলে তল্লাশি চালিয়ে ইয়াবা জব্দসহ করে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার মামুন মিয়া মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলার ভবেরচর গ্রামের বাসিন্দা।
সোনারগাঁ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মফিজুর রহমান বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মহাসড়কের মেঘনা সেতুর টোলপ্লাজা এলাকায় চেকপোস্ট বসিয়ে তল্লাশি চালানো হয়।এসময় ঢাকাগামী লেনে একটি মোটরসাইকেলে তল্লাশি চালিয়ে সাত হাজার পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী মামুন মিয়াকে গ্রেপ্তার করা হয়।তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে শুক্রবার সকালে নারায়ণগঞ্জ আদালতে পাঠানো হয়েছে।

ইয়াবা গ্রেপ্তার মাদক ব্যবসায়ী পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:47

URL: https://www.timestodaybd.com/public/dhaka/1012775807